গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজসেবা অধিদপ্তর

শৃঙ্খলা ও তদন্ত শাখা

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৬৪.২৬. ২১৯

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩৩ / ৩১ আগস্ট ২০২৬

বিষয়: জনাব মোঃ রাকিবুল হাসান, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, হোমনা, কুমিল্লা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নম্বর ২৪/২০২৬... তারিখ ৩১/০৮/২০২৬.........)।

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ রাকিবুল হাসান, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, হোমনা, কুমিল্লা এর বিরুদ্ধে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়ে তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লার ১১/০৬/২০২৬ তারিখ ৪১.০১.১৯০০.০০০.২৭.০২৬.২১.৪৬৩ সংখ্যক স্মারক যোগে সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ১৫/০৭/২০২৬ তারিখ ৪১.০১.১৯০০.০০০.০০০.০৬. ০০০৩.২৫.৫৭৪ সংখ্যক স্মারক মূলে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, প্রাথমিক তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন, আপনি জনাব মোঃ রাকিবুল হাসান ইউনিয়ন সমাজকর্মী হিসেবে ০৮/১০/২০২৫ তারিখ উপজেলা সমাজসেবা কার্যালয়, হোমনা, কুমিল্লায় যোগদান করেন। যোগেদানের পর আপনি ১২/১০/২০২৫ হতে ১৪/১০/২০২৫ তারিখ পর্যন্ত ০৩(তিন) দিনের নৈমিত্তি ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন এবং পরবর্তীতে কর্মস্থলে যোগদান না করে ১৫/১০/২০২৫ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এবিষয়ে সংশ্লিষ্ট কার্যালয় হতে আপনাকে ১৭/১১/২০২৫ এবং ২৬/১১/২০২৫ তারিখ কৈফিয়ত তলব করা হলেও আপনি কর্মস্থলে যোগদান না করে অদ্যাবধি অনুপস্থিত রয়েছেন। আপনার ব্যক্তিগত মোবাইল নম্বরে ফোন দিলে তা বন্ধ পাওয়া যায়। উপজেলা সমাজসেবা কার্যালয়, হোমনা, কুমিল্লার অন্যান্য কর্মচারীদের সাথে কথা বলে জানা যায়, আপনি যাওয়ার আগে বলেছিলেন "যদি চাকরি করি তাহলে আসবো চাকরি না করলে আর আসবো না";

যেহেতু, আপনার বিরুদ্ধে উল্লিখিত অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা ০৬/০৮/২০২৬ তারিখ ৪১.০১.১৯০০.০০০.০০০.২৭.০০০১.২৬.৬৪২ সংখ্যক স্মারক মূলে অনুরোধ করেন;

যেহেতু, আপনার উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মোঃ রাকিবুল হাসান কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত: অভিযোগ বিবরণী-০১ পাতা।

৩১.০৮.২০২৬

পরিচালক (প্রশাসন ও অর্থ)

☎ ০২-৫৫০০৭০২২

ইমেইল: director-admin@dss.gov.bd

জনাব মোঃ রাকিবুল হাসান

ইউনিয়ন সমাজকর্মী

উপজেলা সমাজসেবা কার্যালয়

হোমনা, কুমিল্লা।

স্থায়ী ঠিকানা: জনাব মোঃ রাকিবুল হাসান, পিতা মোঃ সহিদার রহমান, মাতা: মোছাঃ সুলতানা পারভীন, গ্রাম: তালুক রানীনগর, ডাকঘর: মেহের নগর(৫৫২০), ইউনিয়ন: তুষভান্ডার, উপজেলা: কালীগঞ্জ, জেলা: লালমনিরহাট।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৬৪.২৬. ২১৯(৭২)

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩৩ / ৩১ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, দক্ষিণ খুলসী, রোড নং-০২, বাড়ী নং-২৩, চট্টগ্রাম।

৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা।

৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোসহ)।

৮. উপজেলা সমাজসেবা অফিসার, হোমনা, কুমিল্লা।

৯. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, হোমনা, কুমিল্লা।

31.08.26

(শেখ খলিল আল রশিদ)
উপপরিচালক
শৃঙ্খলা-তদন্ত, আইন-বিধি শাখা

অভিযোগ বিবরণী

জনাব মোঃ রাকিবুল হাসান, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, হোমনা, কুমিল্লা এর বিরুদ্ধে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়ে তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লার ১১/০৬/২০২৬ তারিখ ৪১.০১.১৯০০.০০০.২৭.০২৬.২১.৪৬৩ সংখ্যক স্মারক যোগে সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ১৫/০৭/২০২৬ তারিখ ৪১.০১.১৯০০.০০০.০০০.০৬.০০০৩.২৫. ৫৭৪ সংখ্যক স্মারক মূলে প্রতিবেদন দাখিল করেন।

প্রাথমিক তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন, জনাব মোঃ রাকিবুল হাসান ইউনিয়ন সমাজকর্মী হিসেবে ০৮/১০/২০২৫ তারিখ উপজেলা সমাজসেবা কার্যালয়, হোমনা, কুমিল্লায় যোগদান করেন। যোগেদানের পর তিনি ১২/১০/২০২৫ হতে ১৪/১০/২০২৫ তারিখ পর্যন্ত ০৩(তিন) দিনের নৈমিত্তি ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন এবং পরবর্তীতে কর্মস্থলে যোগদান না করে ১৫/১০/২০২৫ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এবিষয়ে সংশ্লিষ্ট কার্যালয় হতে তাকে ১৭/১১/২০২৫ এবং ২৬/১১/২০২৫ তারিখ কৈফিয়ত তলব করা হলেও তিনি কর্মস্থলে যোগদান না করে অদ্যাবধি অনুপস্থিত রয়েছেন। তার ব্যক্তিগত মোবাইল নম্বরে ফোন দিলে তা বন্ধ পাওয়া যায়। উপজেলা সমাজসেবা কার্যালয়, হোমনা, কুমিল্লার অন্যান্য কর্মচারীদের সাথে কথা বলে জানা যায়, তিনি যাওয়ার আগে বলেছিলেন “যদি চাকরি করি তাহলে আসবো চাকরি না করলে আর আসবো না”।

তার উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

পরিচালক (প্রশাসন ও অর্থ)